সংবাদ

তারিখ ... 07 JAN 2008 ... পৃষ্ঠা ১ কলাম ... ৫

86 Mome

অভিমত ব্রিটিশ এমপির

# শিক্ষকদের প্রতিবাদ জানানোর স্বাধীনতা থাকা উচিত

শিক্ষকদের মত প্রকাশ, আলোচনা-সমালোচনা ও প্রতিবাদ জানানোর স্বাধীনতা থাকা উচিত বলে মন্তব্য করে সফররত ব্রিটিশ সাংসদ মারগারেট এ্যান-মেইন আশা প্রকাশ করেছেন, আইনি প্রক্রিয়ার মধ্য দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আটক শিক্ষক-শিক্ষার্থীরা অচিরেই মুক্তি পাবেন।

যুক্তরাজ্যের হাউজ অফ কমন্সে রক্ষণশীল দলের সদস্য এ্যান মেইন রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এসএমএ ফায়েজের সঙ্গে সাক্ষাৎ করেন। বিডিনিউজ।

বৈঠক শেষে বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে ব্রিটিশ সাংসদ সাংবাদিকদের বলেন, শিক্ষকতা একটি সম্মানজনক পেশা। শিক্ষকদের মত প্রকাশ, আলোচনা-সমালোচনা এবং প্রতিবাদ জানানোর স্বাধীনতা থাকা উচিত। তিনি বলেন, আশা করছি, আটক শিক্ষক-শিক্ষার্থীরা আইনি প্রক্রিয়ার মধ্য দিয়ে অচিরেই মুক্তি পাবেন।

বাংলাদেশের বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপট নিয়ে এ্যান মেইন বলেন, আমরা আশা করছি যত তাড়াতাড়ি সম্ভব জরুরি অবস্থা তুলে থাকা : পৃষ্ঠা : ১১ ক : ৬

## থাকা : উচিত

(১ম পৃষ্ঠার পর)

নেবে সরকার। কারণ অবাধ, সুষ্ঠ এবং নিরপেক্ষ নির্বাচনের জন্য রাজনৈতিক মত প্রকাশের স্বাধীনতার বিষয়টি গুরুত্বপূর্ণ। ওই সময় উপাচার্য এসএমএ ফায়েজও আটক শিক্ষক-শিক্ষার্থীদের দ্রুত মুক্তির বিষয়ে আশা প্রকাশ করেন।

যুক্তরাজ্যের সাংসদদের সঙ্গে বৈঠকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ ফ ম ইউসুফ হায়দার, আইন অনুষদের ডিন অধ্যাপক বোরহানউদ্দিন এবং প্রক্টর ড. আ কা ফিরোজ উপস্থিত ছিলেন। এক সপ্তাহের সফরে এ্যান মেইন শনিবার বাংলাদেশে আসেন।